

পিতামাতাদের অধিকারের বিল

একজন শিশুরোগীর ক্ষেত্রে একজন পিতা বা মাতা, আইনগত অভিভাবক বা সিদ্ধান্ত গ্রহণের অধিকারী হয়ে হাসপাতালে দেখাশোনা পাওয়া, আপনার অধিকারে আছে, যা আইন সঙ্গত, তা নিম্নলিখিত:

1. আপনার শিশুর প্রাথমিক যত্ন প্রদানকারীর নাম হাসপাতালে জানানো, যদি জানা থাকে এবং আপনার শিশুর মেডিক্যাল রেকর্ডে এই তথ্যকে নথিভুক্ত করা।
2. নিশ্চিত করা যে আমাদের হাসপাতাল কেবলমাত্র শিশু রোগীদেরই ভর্তি করবেন যা যোগ্যতাসম্পন্ন কর্মী, জায়গা এবং শিশু রোগীদের জন্য একান্তভাবে প্রয়োজনীয় উপযুক্ত আকারের দরকারী যন্ত্রপাতি প্রদান করার মতো আমাদের হাসপাতালের ক্ষমতার সাথে যতটা সম্ভব সামঞ্জস্যপূর্ণ।
3. যতটা সম্ভব আপনার শিশুর স্বাস্থ্যের জন্য এবং প্রয়োজনীয় সুরক্ষা দিতে, সব সময়ের জন্য আপনার শিশুর সাথে কমপক্ষে একজন পিতা বা মাতা বা অভিভাবককে থাকতে অনুমতি দেওয়া।
4. আপনার শিশুর ভর্তির সময়ে সমস্ত পরীক্ষার ফলাফল সম্পূর্ণ করা বা একজন চিকিৎসক, চিকিৎসক সহকারী বা অনুশীলনকারী সেবিকা যিনি আপনার শিশুর বর্তমান অবস্থার সাথে পরিচিত তার দ্বারা জরুরীকালীন ঘরের পরিদর্শন পর্যালোচনা করা।
5. আপনার শিশুকে আমাদের হাসপাতাল বা জরুরীকালীন ঘর থেকে ডিসচার্জ করা হবে না যতক্ষণ না গুরুতর অবস্থার মানের ফলাফলের জন্য উপযুক্তভাবে আশা করা হয়েছে এমন পরীক্ষাগুলিকে একজন চিকিৎসক, চিকিৎসক সহকারী এবং/বা অনুশীলনকারী সেবিকা দ্বারা পর্যালোচনা করা হবে এবং আপনাকে বা অন্য সিদ্ধান্ত গ্রহণকারী এবং যদি উপযুক্ত মনে হয় তবে আপনার শিশুকে জানানো হবে। গুরুতর অবস্থার মানের ফলাফলগুলি জীবন সংশয়কারী বা অন্যথায় উল্লেখযোগ্য অবস্থা যেখানে অবিলম্বে চিকিৎসাজনিত মনোযোগের প্রয়োজন তার ইঙ্গিত দেয়।
6. আপনার শিশুকে আমাদের হাসপাতাল বা জরুরীকালীন ঘর থেকে ডিসচার্জ করা হবে না যতক্ষণ না আপনি বা আপনার শিশু, যদি উপযুক্ত মনে হয়, একটি লিখিত ডিসচার্জের প্ল্যান গ্রহণ করেন যা আপনাকে এবং আপনার শিশু বা অন্য কোনও চিকিৎসাজনিত সিদ্ধান্ত গ্রহণকারীকে মুখে বলে জানানোও হবে। লিখিত ডিসচার্জের প্ল্যানটি গবেষণাগারের যেকোনও গুরুতর অবস্থার ফলাফলকে বা আপনার শিশুর থাকাকালীন সময়ে আদেশ করা অন্য কোনও রোগ নির্ণয়কারী পরীক্ষাকে বিশেষ করে চিহ্নিত করবে এবং এখনও করা হয় নি এমন পরীক্ষাগুলিকেও চিহ্নিত করবে।
7. আপনার শিশুর ক্ষেত্রে গুরুতর অবস্থার মানের ফলাফল এবং ডিসচার্জ প্ল্যান নিয়ম মতো দেওয়া হবে যা যথোপযুক্তভাবে নিশ্চিত করে যে আপনি, আপনার শিশু (যদি উপযুক্ত মনে হয়) বা অন্য কোনও চিকিৎসাজনিত সিদ্ধান্ত গ্রহণকারী, উপযুক্ত স্বাস্থ্যগত সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রদত্ত স্বাস্থ্যজনিত তথ্যটিকে বুঝেছেন।
8. আপনার শিশুর প্রাথমিক যত্ন প্রদানকারীকে, যদি জানা থাকে, এই সকল হাসপাতালে ভর্তি হওয়ার বা জরুরীকালীন ঘর পরিদর্শনের গবেষণাগার থেকে প্রাপ্ত ফলাফলকে প্রদান করা হবে।
9. দেখাশোনা এবং জটিল অবস্থার পর্ব চলাকালীন সময়ে রোগ নির্ণয় বা সম্ভাব্য রোগ নির্ণয় সম্পর্কিত তথ্য যা তৈরি করা হয়ে থাকতে পারে এর সাথে সাথে আপনার শিশুর প্রাথমিক যত্ন প্রদানকারীর সাথে করা কোনও প্রকার যোগাযোগ সম্পর্কিত তথ্যের জন্য অনুরোধ করা।
10. হাসপাতাল বা জরুরীকালীন বিভাগ থেকে আপনার শিশুর ডিসচার্জের সময়, একটি ফোন নম্বর দেওয়া হবে যা দিয়ে আপনি জটিল ঘটনার ক্ষেত্রে বা আপনার শিশুর অবস্থার বিষয়ে আসা প্রশ্নগুলির জন্য পরামর্শ নিতে কল করতে পারেন।

পাবলিক হেল্থ ল(পিএইচএল) 2803(i)(g) রোগীদের অধিকার 10NYCRR, বিভাগ 405.7